অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/11/2022 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্কের প্রথম উপকূলীয় বায়ুশক্তি প্রকল্পের নির্মাণকাজ শুরু হয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

সাউথ ফর্ক উইন্ড প্রকল্প নিউ ইয়র্কের উপকূলীয় বায়ুশক্তি শিল্পের সূচনা করবে এবং লং আইল্যান্ডে নির্মল জ্বালানি সরবরাহ করবে

2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি উন্নয়নের জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্যকে সমর্থন করে

গভর্নর ক্যাথি হোকল আজ যুক্তরাষ্ট্রের সেক্রেটারি অব দ্য ইন্টেরিয়র ডেব হাল্যান্ড এবং অন্য নির্বাচিত কর্মকর্তাদের সঙ্গে নিয়ে লং আইল্যান্ড উপকূলে অরস্টেড (Ørsted) ও এভারসোর্স (Eversource)-এর দ্বারা যৌথভাবে উন্নয়নকৃত নিউ ইয়র্কের প্রথম উপকূলীয় বায়ুশক্তি প্রকল্প, সাউথ ফর্ক উইন্ড (South Fork Wind)-এর নির্মাণকাজ শুরু হওয়া উদযাপন করেন। ব্যুরো অব ওশেন এনার্জি ম্যানেজমেন্টের (Bureau of Ocean Energy Management, BOEM) জানুয়ারি মাসে নিউ ইয়র্ক উপকূলের জায়গা বিক্রির চূড়ান্ত বিজ্ঞপ্তি জারি, সম্প্রতি অর্জিত গুরুত্বপূর্ণ অফশোর বায়ুশক্তি সংক্রান্ত চুক্তির মাইলফলক, এবং স্টেট অব দ্যা স্টেট ভাষণে নিউ ইয়র্কের পরবর্তী উপকূলীয় বায়ুশক্তি সংক্রান্ত সলিসিটেশনের সঙ্গী হওয়ার জন্য অফশোর বায়ুশক্তি সংশ্লিষ্ট বন্দর, উৎপাদন, ও সাপ্লাই চেইন অবকাঠামোতে দেশের মধ্যে নেতৃস্থানীয় 500 মিলিয়ন ডলারের বিনিয়োগের ঘোষণা ইত্যাদির মাধ্যমে নিউ ইয়র্ক 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট উপকূলীয় বায়ুশক্তি উন্নয়নের জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের লক্ষ্য অর্জনে এগিয়ে যাওয়া অব্যাহত রেখেছে।

"জলবায়ু পরিবর্তনের কঠোর প্রভাব ও ব্যয়বহুল বাস্তবতার সঙ্গে লং আইল্যান্ড অনেক বেশি পরিচিত, কিন্তু আজ নিউ ইয়র্কের প্রথম উপকূলীয় বায়ুশক্তি প্রকল্প নির্মাণের কাজ শুরু করার মধ্য দিয়ে আমরা ভবিষ্যত প্রজন্মগুলোকে উপকৃত করবে এমন অধিকতর নির্মল, আরো সবুজ একটি পথে এগিয়ে যাওয়ার প্রতিশ্রুতি পূরণ করছি," **বলেছেন গভর্নর হোকল**। "সাউথ ফর্ক উইন্ড পরবর্তী পঁচিশ বছরে ছয় মিলিয়ন টন পর্যন্ত কার্বন নির্গমন দূর করবে যা শুধু এম্পায়ার স্টেটকেই নয় বরং পুরো দেশকে উপকৃত করবে। এছাড়াও এই প্রকল্প কয়েক শতাধিক ভালো বেতনের কর্মসংস্থান তৈরি করবে যা কোভিড-19 থেকে আমাদের সেরে উঠার এই সময়ে এই অঞ্চলব্যাপী অর্থনৈতিক সমৃদ্ধিকে ত্বরান্বিত করতে সাহায্য করবে। এটি নিউ ইয়র্কের জন্য একটি ঐতিহাসিক দিন, এবং আমাদের সবার জন্য একটি অধিকতর সবুজ, উজ্জ্বলতর

ভবিষ্যতের দিকে দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার এই সময়ে আমি সেক্রেটারি হাল্যান্ডের সঙ্গে অব্যাহতভাবে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি।"

যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব ইন্টেরিয়র (Department of Interior)-এর সেক্রেটারি ডেব হাল্যান্ড বলেন, "আমেরিকার নির্মল জ্বালানির দিকে উত্তরণ সুদূর ভবিষ্যতের কোনো স্বপ্ন নয় - এটা এখানেই ও এখনই ঘটছে। উপকূলীয় বায়ুশক্তি আমাদের কমিউনিটিগুলোকে বিদ্যুৎ সরবরাহ করবে, আমাদের পরিবেশগত ন্যায়বিচার সংক্রান্ত লক্ষ্যগুলোকে এগিয়ে নিয়ে যাবে, এবং দেশব্যাপী হাজার হাজার ভালো বেতনের ইউনিয়ন কর্মসংস্থান তৈরির মাধ্যমে আমাদের অর্থনীতিকে উদ্দীপিত করবে। আমেরিকান পরিবারগুলোর এবং আমাদের গ্রহের স্বাস্থ্য উভয়টির উন্নতির জন্য প্রেসিডেন্টের লক্ষ্য অর্জনের জন্য আমাদের গৃহীত বহু পদক্ষেপের মধ্যে এটিও একটি।"

ওয়েইনস্কটে আজকের ঘোষণাটি দেয়ার মাধ্যমে গভর্নর 2023 সালের শেষ নাগাদ কার্যপরিচালনা শুরু হলে সাউথ ফর্ক উইন্ডের মাধ্যমে নিউ ইয়র্কের উপকূলীয় বায়ুশক্তি উৎপাদন শুরু হওয়ার বিষয়টি উদযাপন করেন। সাউথ ফর্ক উইন্ড হবে উত্তর আমেরিকায় কার্যক্রম শুরু করা প্রথম বাণিজ্যিক-আকারের উপকূলীয় বায়ুশক্তি প্রকল্পগুলোর মধ্যে একটি। লং আইল্যান্ডের পূর্ব প্রান্তে ক্রমবর্ধমান বিদ্যুতের চাহিদা মোকাবেলার জন্য 2015 সালের লং আইল্যান্ড পাওয়ার অথোরিটি (Long Island Power Authority, LIPA) কর্তৃক প্রস্তাব পাঠানোর অনুরোধের আওতায় নির্বাচিত এই প্রকল্প মন্টাউক পয়েন্ট থেকে আনুমানিক 35 মাইল পূর্ব দিকে অবস্থিত হবে এবং এটির 12টি সিমেন্স গ্যামেসা 11 মেগাওয়াট টারবাইন আনুমানিক 130 মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন করবে - যা 70,000 এরও বেশি বাড়িতে বিদ্যুতের চাহিদা মেটানোর জন্য যথেষ্ট হবে। এটির ট্রান্সমিশন সিস্টেম সরাসরি ইস্ট হ্যাম্পটন টাউনের বৈদ্যুতিক গ্রিডে নির্মল বিদ্যুৎ পৌঁছে দিবে। 25 বছরেরও বেশি সময় ধরে সাউথ ফর্ক উইন্ড ছয় মিলিয়ন টন পর্যন্ত কার্বন নির্গমন দূর করবে বলে প্রত্যাশা করা হচ্ছে, যা বছরে প্রায় 60,000 গাড়িকে সড়ক থেকে সরিয়ে নেওয়ার সমতুল্য হবে।

NYSERDA-এর প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "সাউথ ফর্ক উইন্ড প্রকল্পের নির্মাণকাজ শুরুর মধ্য দিয়ে আমরা নিউ ইয়র্ক স্টেটের নির্মল জ্বালানির ভিশনকে মজবুত করছি এবং উপকূলীয় বায়ুশক্তি উন্নয়নের ক্ষেত্রে দেশকে নেতৃত্ব দেয়ার মধ্য দিয়ে একটি নতুন পথের সূচনা করছি। নিউ ইয়র্কে দেশের মধ্যে সবচেয়ে শক্তিশালী উপকূলীয় বায়ুশক্তি প্রকল্প ও সাপ্লাই চেইন নির্মাণ অব্যাহত রাখার এই সময়ে আমাদের স্টেটের প্রথম উপকূলীয় বায়ুশক্তি প্রকল্প হিসেবে সাউথ ফর্ক ভবিষ্যতের গ্রিড ব্যবস্থার সূচনা ঘটাতে সাহায্য করছে, এসব অতি গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য মেধাবীদের একটি পাইপলাইন সরবরাহ করার জন্য কর্মীদলের উন্নয়ন ও শ্রমিকদের সঙ্গে অংশীদারিত্ব জোরদার করতে, এবং সামনের বছরগুলোতে নিউ ইয়র্কে বিদ্যুৎ সরবরাহ করবে এমন সবুজ অর্থনীতি প্রতিষ্ঠা করতে সাহায্য করছে।"

লং আইল্যান্ড পাওয়ার অথোরিটির CEO টমাস ফ্যালকন বলেন, "2017 সালে LIPA বোর্ড অব ট্রাস্টিজ-এর ভবিষ্যতমুখী ভাবনার দৃষ্টিভঙ্গি এমন এক সময়ে সাউথ ফর্ক উইন্ড প্রকল্প অনুমোদিত হওয়ার দিকে নিয়ে গেছে যে সময়ে দেশে উপকূলীয় বায়ুশক্তির বিদ্যুৎ ক্রয়ের আর কোনো চুক্তির অস্তিত্ব ছিল না। নিউ ইয়র্কের প্রথম উপকূলীয় বায়ুশক্তি ফার্ম হিসেবে, সাউথ ফর্ক

উইন্ড আমাদের অঞ্চলের জন্য একটি নতুন শিল্প শুরু করতে যাচ্ছে যা নিউ ইয়র্কের জন্য 2040 সালের মধ্যে শূন্য-কার্বন বিদ্যুৎ গ্রিড অর্জনের লক্ষ্য পূরণের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।"

পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation, DEC) কমিশনার বাসিল সেগোস বলেন, "অধিকতর নির্মল, আরো সবুজ একটি জ্বালানি ভবিষ্যতের দিকে স্টেটের উত্তরণের এই সময়ে আমাদের জ্বালানি চাহিদা পূরণে সাহায্য করতে উপকূলীয় বায়ুশক্তির সম্ভাবনাকে কাজে লাগানোর ব্যাপারে নিউ ইয়র্ক একটি দৃষ্টান্ত স্থাপন করতে যাচ্ছে। সাউথ ফর্ক উইন্ড একটি উদ্দীপনাপূর্ণ ও রূপান্তরমূলক প্রকল্প যা আমাদের স্টেটকে গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানো এবং নবায়নযোগ্য শক্তির উৎস বৃদ্ধি করার পাশাপাশি একই সময়ে আমাদের প্রাকৃতিক সম্পদগুলো সুরক্ষিত রাখা এবং এখানে লং আইল্যান্ডে ও স্টেটব্যাপী নতুন অর্থনৈতিক সুযোগ নিয়ে আসার উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্যসমূহ অর্জন করতে সাহায্য করবে।"

ভারপ্রাপ্ত সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "সাউথ ফর্ক উইন্ডের নির্মাণকাজ শুরু হওয়াটা জলবায়ু পরিবর্তন মোকাবেলা করার জন্য আমাদের প্রচেষ্টায় নিউ ইয়র্কের উপকূলীয় বায়ুশক্তি শিল্পের জন্য এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি ঐতিহাসিক মাইলফলক। অধিকতর নির্মল, আরো সবুজ একটি ভবিষ্যতের দিকে আমাদের উত্তরণের এই সময়ে প্রকল্পের সম্ভাব্য ক্ষতি ন্যূনতম পর্যায়ে রাখতে এবং আমাদের উপকূলীয় অর্থনীতিকে বিঘ্নিত করা এড়াতে ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State) আমাদের স্টেকহোল্ডারদের ও সরকারি অংশীদারদের সঙ্গে কাজ করা অব্যাহত রেখেছে। আমাদের সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে, আমাদের স্টেটের কার্বন ফুটপ্রিন্ট কমিয়ে আনার এই সময়ে নিউ ইয়র্কবাসীরা লং আইল্যান্ডের অকৃত্রিম সমুদ্র সৈকত ও সমুদ্রের সমৃদ্ধ সংস্থানগুলো উপভোগ করতে থাকবেন।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "এই উল্লেখযোগ্য মাইলফলক নির্মল অর্থনীতিতে নিউ ইয়র্কের বৈশ্বিক নেতৃত্বের অবস্থানকে সুদৃঢ় করেছে। আজ আমাদের এই ভিত্তি স্থাপন নিউ ইয়র্কবাসীদের জন্য নতুন, উদ্দীপনাপূর্ণ কর্মসংস্থানের সুযোগ তৈরি করছে এবং একই সময়ে ভবিষ্যত প্রজন্মের জন্য আমাদের পরিবেশকে সুরক্ষিত রাখছে। ন্যায্য উত্তরণ ওয়ার্কিং গ্রুপ (Just Transition Working Group) এর সহ-সভাপতি হিসেবে, নেতৃত্ব দিয়ে এগিয়ে যাওয়ার জন্য এবং এই আন্দোলনে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলোর অন্তর্ভুক্তি নিশ্চিত করতে তার অফুরন্ত অঙ্গীকারবদ্ধতার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই।"

পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission) সভাপতি রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "সাউথ ফর্ক প্রকল্প নিউ ইয়র্ক স্টেটের জন্য অতি প্রয়োজনীয় নির্মল জ্বালানি উন্নয়নের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং এটি নিউ ইয়র্ককে এটির দেশের নেতৃস্থানীয় নবায়নযোগ্য জ্বালানি লক্ষ্য অর্জনে সাহায্য করবে এবং একই সময়ে ব্যক্তি ও শিল্পগুলোর জন্য কর্মসংস্থান ও সুযোগ-সুবিধা তৈরি করবে। সাউথ ফর্ক লং আইল্যান্ডের জন্য একটি জয় এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য একটি জয়।"

অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services, OGS)-এর কমিশনার জেনেট এম. ময় বলেন, "নিউ ইয়র্ক স্টেটের প্রথম উপকূলীয় বায়ুশক্তি প্রকল্প শুরু হওয়াটা স্থায়িত্বের চ্যালেঞ্জগুলো মোকাবেলা এবং নিউ ইয়র্কের জন্য একটি সবুজ ভবিষ্যত নিশ্চিত করার ক্ষেত্রে গভর্নর হোকলের জোরালো অঙ্গীকারবদ্ধতা প্রদর্শন করে। OGS সাউথ ফর্ক উইন্ড প্রকল্পে এবং স্টেটের ভবিষ্যতমুখী জলবায়ু ও সবুজ জ্বালানি উদ্যোগগুলো এগিয়ে নেয়ার ক্ষেত্রে ভূমিকা রাখতে পেরে গর্বিত।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও CEO পদে মনোনীত হোপ নাইট বলেন, "একটি সবুজ অর্থনীতির চালিকাশক্তি হিসেবে এবং টেকসই অর্থনৈতিক সুযোগ-সুবিধা প্রবর্ধনের জন্য উপকূলীয় বায়ুশক্তি অত্যন্ত গুরুত্বপূর্ণ। সাউথ ফর্ক উইন্ডে নিউ ইয়র্ক স্টেটের প্রথম উপকূলীয় বায়ুশক্তি প্রকল্পের নির্মাণকাজ শুরু হওয়াটা নির্মল জ্বালানির লক্ষ্য অর্জন এবং সবুজ কর্মসংস্থান তৈরির দিকে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ নির্দেশ করে, যা আমাদের অর্থনীতিকে ভবিষতের জন্য প্রস্তুত করে তোলার এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের মিশনকে এগিয়ে নেয়। আজকের ঘোষণার মধ্য দিয়ে নিউ ইয়র্ক স্টেট জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নেতৃত্বের অবস্থান ধরে রাখার পাশাপাশি একই সময়ে উপকূলীয় বায়ুশক্তি উৎপাদনের ক্ষেত্রে আমাদের অবস্থানকে শক্তিশালী করবে।"

গত মাসে BOEM কর্তৃক এই প্রকল্পের নির্মাণকাজ ও কার্যপরিচালনা সংক্রান্ত পরিকল্পনা (COP) অনুমোদনের পরে এই মাইলফলক অর্জিত হচ্ছে। এই COP-এ এই প্রকল্পের এক নটিক্যাল মাইল টারবাইন স্পেসিং, ফেডারেল সমুদ্রসীমার মধ্যে ঘটা সকল কাজের জন্য নির্মাণ পদ্ধতির শর্তসমূহ, এবং সামুদ্রিক প্রাণীর আবাসস্থল ও প্রজাতিগুলোকে সুরক্ষিত রাখার জন্য নিরসনমূলক পদক্ষেপসমূহ তুলে ধরা হয়েছে। 2021 সালের নভেম্বর মাসে BOEM-এর নেতৃত্বে এই প্রকল্পের পুঙ্খানুপুঙ্খ পরিবেশগত পর্যালোচনা সম্পন্ন করে সিদ্ধান্তের রেকর্ড প্রকাশ করার পরে BOEM এই COP-এর চূড়ান্ত অনুমোদন প্রদান করেছে।

সিনেটর টড কামিনস্কি বলেন, "আজকের ঘোষণা সবুজ অর্থনীতিতে নিউ ইয়র্কের নেতৃত্বের অবস্থানকে সুদৃঢ় করতে সাহায্য করবে। CLCPA দেশের মধ্যে সবচেয়ে আগ্রাসী লক্ষ্য নির্ধারণ করেছে এবং লং আইল্যান্ডের উপকূলীয় বায়ুশক্তি সেগুলোর পূরণ করতে কেন্দ্রীয় ভূমিকা রাখবে। এই প্রকল্প একটি অনুঘটক এবং এটি দেখায় যে লং আইল্যান্ডে আপনি বৃহৎ চিন্তা করতে এবং সেটি বাস্তবায়ন করতে পারবেন।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ ইংলেব্রাইট বলেন, "সাউথ ফর্ক উইন্ড প্রকল্প গ্রিনহাউজ গ্যাস কমিয়ে আনা এবং জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জগুলো মোকাবেলার জন্য আমাদের স্টেটের অঙ্গীকারবদ্ধতা পূরণের পথে একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ। নিউ ইয়র্কের নবায়নযোগ্য বায়ুশক্তি জ্বালানির পোর্টফোলিও এগিয়ে নেয়া ও সমৃদ্ধ করার জন্য গভর্নর হোকলের ভিশন ও দৃঢ় প্রতিজ্ঞ মনোভাবকে আমি সাধুবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য ফ্রেড থিয়েলি বলেন, "আমি এটা বলতে পেরে গর্বিত যে লং আইল্যান্ড নবায়নযোগ্য জ্বালানি খাতে এক উদীয়মান পথপ্রদর্শক এবং শীঘ্রই এটি উপকূলীয় বায়ুশক্তি

উৎপাদনের ক্ষেত্রে স্টেট ও দেশকে নেতৃত্ব দিবে। সাউথ ফর্ক উইন্ড ফার্ম ইস্ট এন্ডে আমাদের জন্য উদ্দীপনাপূর্ণ একটি নতুন অধ্যায় উন্মুক্ত করছে, এবং এই ঐতিহাসিক বিনিয়োগের মাধ্যমে আমি শীঘ্রই অধিকতর সবুজ একটি গ্রিড পাওয়ার প্রত্যাশা রাখি। আমি গভর্নর হোকলকে তার অব্যাহত নেতৃত্ব ও সহায়তার জন্য ধন্যবাদ জানাই।"

সাফোক কাউন্টির এক্সিকিউটিভ স্টিভ বেলোনে বলেন, "লং আইল্যান্ড নির্মল জ্বালানি সংশ্লিষ্ট সব ব্যাপারে নেতৃত্ব দিয়ে আসছে, এবং নিউ ইয়র্কের প্রথম বায়ুশক্তি ফার্মের নির্মাণকাজ শুরু করার মধ্য দিয়ে, আমরা এখানে সাফোকে আমাদের বাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে বিদ্যুৎ পৌঁছানোর উপায়কে পাল্টে দিচ্ছি। এই ঐতিহাসিক প্রকল্প যা সাফোক কাউন্টিকে উপকূলীয় বায়ুশক্তি শিল্পের কেন্দ্রস্থলে স্থাপন করেছে এবং প্রায় 70,000 বাড়ির বিদ্যুতের চাহিদা মেটাবে, আমাদের অঞ্চলে জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্য আমাদের অঙ্গীকারবদ্ধ থাকার এই সময়ে আমাদের অর্থনীতির জন্য, শ্রমিকদের জন্য, এবং আমাদের পরিবেশের জন্য একটি বিশাল বিজয়।"

ইস্ট হ্যাম্পটন টাউনের সুপারভাইজর পিটার ভ্যান স্কোয়োক বলেন, "2014 সালে ইস্ট হ্যাম্পটন 100% নবায়নযোগ্য জ্বালানি লক্ষ্য গ্রহণ করে নেয়া নিউ ইয়র্কের প্রথম মিউনিসিপ্যালিটিতে পরিণত হয়। আজ নিউ ইয়র্কের প্রথম উপকূলীয় বায়ুশক্তি ফার্মের নির্মাণকাজ শুরুর মধ্য দিয়ে আমরা সে লক্ষ্যের খুব কাছে পৌঁছে গেছি। আমরা উপকূলীয় বায়ুশক্তি খাতে গভর্নর হোকলের দেশের নেতৃস্থানীয় বিনিয়োগের প্রশংসা করি যা নিউ ইয়র্ককে আমাদের দেশের জলবায়ু পরিবর্তন মোকাবেলা প্রচেষ্টার সম্মুখভাবে রেখেছে।"

নিউ ইয়র্ক লিগ অব কনজার্ভেশন ভোটার্স (New York League of Conservation Voters)-এর প্রেসিডেন্ট জুলি তিঘে বলেন, "নিউ ইয়র্কের প্রথম উপকূলীয় বায়ুশক্তি প্রকল্প, সাউথ ফর্ক উইন্ড ফার্মের নির্মাণকাজ শুরুর মধ্য দিয়ে আজ আমরা একটি ধারণাকে বাস্তব রূপ লাভ করতে দেখছি। অরস্টেড ও এভারসোর্সকে অভিনন্দন! এই দিনটি আমাদের অর্থনীতিকে সচল রাখার উপায় পরিবর্তন করে দেয়া এই প্রকল্প ও নতুন শিল্প চালুর জন্য কয়েক বছরের অধ্যবসায়ের চূড়ান্ত রূপ। আমাদের জলবায়ু লক্ষ্য পূরণের জন্য আমাদের অনেক দীর্ঘ পথ পাড়ি দিতে হবে, কিন্তু গভর্নর হোকল, সেক্রেটারি হাল্যান্ড, ও BOEM-এর ডিরেক্টর লেফটনের নেতৃত্ব ও অঙ্গীকারবদ্ধতার সঙ্গে এধরনের বৃহৎ বিনিয়োগের সম্মিলন আমাদেরকে একটি নির্মল জ্বালানি বিপ্লবের দিকে এগিয়ে যাওয়ার পথে ধরে রাখছে।"

অরস্টেড অফশোর নর্থ আমেরিকা (Ørsted Offshore North America)-এর CEO ডেভিড হার্ডি বলেন, "নিউ ইয়র্কের প্রথম উপকূলীয় বায়ুশক্তি ফার্মের নির্মাণকাজ শুরুর মধ্য দিয়ে আমরা যুক্তরাষ্ট্রের একটি নতুন জ্বালানি শিল্পের ভিশনকে বাস্তবায়ন করা অব্যাহত রাখছি যে শিল্প নির্মল বিদ্যুৎ, কর্মসংস্থান, ও অর্থনৈতিক সুযোগ তৈরি করবে। আমাদেরকে এই অতি গুরুত্বপূর্ণ মুহূর্তে নিয়ে আসার জন্য সাউথ ফর্ক উইন্ডকে সমর্থন করে যাওয়া অসংখ্য সমর্থনকারীর প্রতি, এবং উপকূলীয় বায়ুশক্তি শিল্পের প্রতি বাইডেন প্রশাসন ও নিউ ইয়র্কের নেতৃত্ব ও অঙ্গীকারবদ্ধতার জন্য আমি কৃতজ্ঞ।"

এভারসোর্স এনার্জির (Eversource Energy) প্রেসিডেন্ট ও CEO জো নোলান বলেন, "নিউ ইয়র্কের প্রথম উপকূলীয় বায়ুশক্তি ফার্মের নির্মাণকাজ শুরু উদযাপন করার মধ্য দিয়ে আজ আমরা ইতিহাস তৈরি করছি। আঞ্চলিক জ্বালানি স্থানান্তর খাতের দেশীয় বিশেষজ্ঞ হিসেবে আমরা অসংখ্য অবকাঠামো প্রকল্পের নেতৃত্ব দিয়ে এসেছি, কিন্তু আজ, আমরা সম্পূর্ণ নতুন ও ভিন্ন কিছুকে স্মরণীয় করে রাখতে যাচ্ছি। এই প্রথম আমরা উপকূলীয় বায়ুশক্তির বিশাল, অব্যবহৃত সম্ভাবনাকে ব্যবহারের জন্য আমাদের দক্ষতাকে কাজে লাগাবো।"

নাসাউ সাফোক বিল্ডিং এন্ড কনস্ট্রাকশন কাউন্সিলের (Nassau Suffolk Building and Construction Trades Council) প্রেসিডেন্ট মার্টি আরাচিক বলেন, "উপকূলীয় বায়ুশক্তি প্রকল্পের নির্মাণকাজ শুরু হওয়াটা নির্গমন উল্লেখযোগ্য হারে কমিয়ে আনার জন্য নিউ ইয়র্ক স্টেটের লক্ষ্য অর্জনের ক্ষেত্রে একটি নতুন যুগের সূচনা করেছে। এই রিলে দৌড়ের শেষ পর্যায় বাস্তবায়ন করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে NYS-কে ইস্টার্ন সিবোর্ডে নেতৃত্বের অবস্থানে রাখতে কাজ করে যাওয়ার মাধ্যমে দক্ষ শিল্পগুলোর একটি ভূমিকা পালন করতে হবে। NYSERDA-এর সঙ্গে গভর্নর হোকলের শেয়ারকৃত ভিশন ও অঙ্গীকারবদ্ধতা অরস্টেড/এভারসোর্স ও নর্থ আমেরিকার বিল্ডিং ট্রেড ইউনিয়নগুলোর মধ্যকার মৈত্রীর সম্পর্ককে জোরদার করবে। নিউ ইয়র্ক স্টেট ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য একটি অধিকতর উজ্জ্বল, আরো বেশি নির্মল ভবিষ্যতের দিকে নিয়ে যাবে এমন একটি স্থানীয় কর্মীদল তৈরির সুযোগ প্রদানের দিকে দৃষ্টি নিবদ্ধ রেখেছে। নিজেকে সুস্থ করার পথে পৃথিবীকে এগিয়ে নেয়ার জন্য নৈতিক দিকনির্দেশনা ও নেতৃত্বের জন্য গভর্নর হোকল, সেক্রেটারি অব ইন্টেরিয়র ডেব হাল্যান্ড, আমান্ডা লেফটন, ডোরিন হ্যারিস, ও শ্রম বিভাগের আমাদের অংশীদারদের অসংখ্য ধন্যবাদ।"

লং আইল্যান্ডের শ্রমিক ফেডারেশন, AFL-CIO-এর প্রেসিডেন্ট জন আর. ডার্সো বলেন, "এটি লং আইল্যান্ডের জন্য এবং সব নিউ ইয়র্কবাসীর জন্য একটি বিজয়। এটা শুধু জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপই নয়, বরং এর মানে হলো লং আইল্যান্ডে যেখানে সবচেয়ে বেশি প্রয়োজন রয়েছে সেখানে কর্মসংস্থান এবং নতুন নির্মল জ্বালানি সংস্থান তৈরি হবে। পরিকল্পনা ও উন্নয়নের জন্য অরস্টেড ও এভারসোর্সের বহু বছরের কঠোর পরিশ্রমের পর, শ্রম খাতের ও কমিউনিটি মিত্রদের সহায়তা নিয়ে আমরা এতদিন ধরে অপেক্ষায় থাকা সফলতা বাস্তবায়ন করছি।"

সাউথ ফর্ক উইন্ড প্রকল্পটি শিল্পখাতের নেতৃস্থানীয় প্রকল্প শ্রমিক চুক্তি এবং স্থানীয় ইউনিয়ন সংস্থাগুলোর সঙ্গে সুনির্দিষ্ট অংশীদারিত্বের অধীনে নির্মিত হবে, যা এই প্রকল্পের নির্মাণকাজের সকল পর্যায়ে স্থানীয় ইউনিয়ন শ্রমিকদের অংশগ্রহণ নিশ্চিত করবে। প্রকল্পের মাটির নিচের ডাক্ট ব্যাঙ্ক সিস্টেম ও আন্তঃসংযোগ ফ্যাসিলিটির জন্য উপকূলীয় নির্মাণ ক্রিয়াকলাপ প্রথমে শুরু হবে এবং স্থানীয় ইউনিয়নের শ্রমিক নিয়োগের হলগুলো থেকে নির্মাণ শ্রমিকদের সংগ্রহ করা হবে। বেশ কিছু বহিরাগত সংস্থা ও বিশেষজ্ঞদের সঙ্গে নিবিড়ভাবে কাজ করার মাধ্যমে অরস্টেড ও এভারসোর্স এসব প্রবিধান ও সুরক্ষা নীতিমালা নির্ধারণ করেছে, যা সহাবস্থানের জন্য সহায়তা করতে সব স্টেকহোল্ডার সম্পর্কের ক্ষেত্রে কোম্পানিগুলোর পালন করা একটি অঙ্গীকারবদ্ধতা।

লং আইল্যান্ড ভিত্তিক কন্ট্রাক্টর হগল্যান্ড এনার্জি গ্রুপ LLC (Haugland Energy Group LLC) (হগল্যান্ড গ্রুপ LLC-এর একটি অধিভুক্ত সংস্থা) এই প্রকল্পের মাটির নিচের উপকূলীয় ট্রান্সমিশন লাইনের জন্য ডাক্ট ব্যাংক সিস্টেম বসানোর জন্য এবং ইস্ট হ্যাম্পটনে অবস্থিত উপকূলীয় আন্তঃসংযোগ ফ্যাসিলিটির নির্মাণকাজে নেতৃত্ব দেয়ার জন্য নির্বাচিত হয়েছে। এই চুক্তি লং আইল্যান্ডের দক্ষ ট্রেড কর্মীদের জন্য 100টিরও বেশি ইউনিয়ন কর্মসংস্থান তৈরি করবে, যাদের মধ্যে হেভি ইকুইপমেন্ট অপারেটর, ইলেক্ট্রিশিয়ান, লাইন ওয়ার্কার, ও স্থানীয় ডেলিভারি ড্রাইভাররা অন্তর্ভুক্ত রয়েছেন যারা প্রকল্প সাইটে উপকরণ পরিবহনের কাজে সহায়তা করবেন। প্রকল্পের উপকূলীয় সাবস্টেশনের ফ্যাব্রিকেশন ইতোমধ্যে চলমান রয়েছে।

নিউ ইয়র্ক স্টেটে পাঁচটি উপকূলীয় বায়ুশক্তি প্রকল্পের উন্নয়নকাজ সক্রিয়ভাবে চলছে, যা দেশের মধ্যে সর্ববৃহৎ পোর্টফোলিও। এই বর্তমান পোর্টফোলিওতে মোট 4,300 মেগাওয়াটেরও বেশি বিদ্যুৎ উৎপন্ন হবে এবং নিউ ইয়র্কের 2.4 মিলিয়নেরও বেশি বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দিবে এবং এটি স্টেটে 12.1 বিলিয়ন ডলারের সম্মিলিত অর্থনৈতিক প্রভাব নিয়ে আসবে বলে প্রত্যাশা করা হচ্ছে। এছাড়াও প্রকল্প উন্নয়ন, উপাদান প্রস্তুতকরণ, ইনস্টলেশন, এবং কার্যক্রম পরিচালনা ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি ভূমিকা পালনের জন্য প্রকল্পগুলো 6,800 এরও বেশি কর্মসংস্থান তৈরি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে। স্টেটের 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্য অর্জন করলে নিউ ইয়র্ক স্টেটের বিদ্যুতের চাহিদার প্রায় 30 শতাংশ পূরণের মতো উপকূলীয় বায়ু বিদ্যুৎ উৎপন্ন করবে, যা নিউ ইয়র্কের প্রায় 6 মিলিয়ন বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দেয়া এবং প্রায় 10,000 কর্মসংস্থান তৈরি করার সমতুল্য।

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102টি বিশাল মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তির মাত্রা বৃদ্ধি করার জন্য 1.8 বিলিয়ন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, এটি নির্মল জ্বালানির মাত্রা বৃদ্ধি করার জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের সাথে যুক্ত হয়েছে। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত

সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন